

দু'টি সন্তানের বেশি নয়
একটি হলে ভাল হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
পরিকল্পনা ইউনিট
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dgfp.gov.bd

স্মারক নং-পপঅ/পরি/সরাসরি নিয়োগ/৯২/২০১৭/ ৩৭৮

তারিখঃ ২৫/০৬/২০১৮ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন পরিকল্পনা ইউনিটের ৪র্থ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচির আওতাধীন "প্ল্যানিং মনিটরিং অ্যান্ড ইভালুয়েশন (পিএমই)" শীর্ষক অপারেশনাল প্ল্যানের মেয়াদকালীন (জুলাই, ২০১৭-জুন, ২০২২) উন্নয়ন খাতে সৃষ্ট নিম্নবর্ণিত পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে সাদা কাগজে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রঃ নং	পদের নাম ও গ্রেড	বেতন স্কেল	পদের সংখ্যা	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	হিসাব রক্ষক গ্রেড-১১	সাকুল্য বেতন ২১৭০০/	০১	১৮-৩০ বছর। তবে শুধুমাত্র মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পোষ্য এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত প্রযোজ্য হবে।	বানিজ্য বিভাগে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রি হিসাব ও নিরীক্ষা কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
০২	সাঁটলিপিকার কাম- কম্পিউটার অপারেটর গ্রেড-১৩	সাকুল্য বেতন ১৭০৪৫/	০১	১৮-৩০ বছর। তবে শুধুমাত্র মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পোষ্য এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত প্রযোজ্য হবে।	এইচএসসি বা সমমান। কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং কাজে বাংলা ও ইংরেজীতে প্রতি মিনিটে যথাক্রমে ২৫ ও ৩০ শব্দের গতিসম্পন্ন হতে হবে।

শর্তাবলীঃ

- আগামী ২৮/০৭/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে (ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ের মধ্যে পরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫ বরাবর প্রার্থীদের দরখাস্ত পৌঁছাতে হবে। উক্ত তারিখের পরে ডাকযোগে বা অন্য কোন উপায়ে আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- অসম্পূর্ণ এবং ত্রুটিযুক্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীদের বয়সসীমা ২৮/০৭/২০১৮ খ্রিঃ তারিখে সর্বোচ্চ ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে কোটার ক্ষেত্রে সরকারী বিধি মোতাবেক বয়সসীমা প্রযোজ্য হবে। বয়স নিরূপনের ক্ষেত্রে এফিডেবিট গ্রহণযোগ্য নয়।
- সরকারী বিধি মোতাবেক কোটা পদ্ধতি অনুসরণ করা হবে এবং আবেদনের সাথে প্রমাণক সার্টিফিকেটের (যা যথাযথ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- সরকারী/ আধাসরকারী প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে স্ব স্ব নিয়োগকারীকে কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন দাখিল করতে হবে।
- আবেদনপত্রে স্পষ্টাক্ষরে (ক) নিজ নাম, (খ) পিতার নাম (গ) স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে) (ঘ) মাতার নাম (ঙ) বর্তমান ঠিকানাঃ গ্রাম/মহল্লা, ডাকঘর, ডাকঘরের পোস্ট কোড নং, উপজেলা, জেলা। (চ) স্থায়ী ঠিকানা (ছ) শিক্ষাগত যোগ্যতা (জ) জাতীয়তা (ঞ) জন্মতারিখ (ট) তারিখে বয়স (ঠ) ধর্ম (ড) অভিজ্ঞতা (যদি থাকে), (ঢ) ট্রেজারী চালান নং ও তারিখ ও (ণ) বৈবাহিক অবস্থা ও সন্তান সংখ্যা (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে।
- আবেদনপত্রের খামের উপর পদের নাম, নিজ জেলা, কোটা উল্লেখ করতে হবে এবং প্রবেশপত্র প্রেরণের জন্য নিজের পূর্ণাঙ্গ ঠিকানাসহ ফেরৎ খাম প্রেরণ করতে হবে।
- দরখাস্তের সহিত নিম্নলিখিত কাগজপত্র দাখিল করতে হবে :- (ক) সদ্য তোলা ৪ (চার কপি) পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি (গ) প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (ঘ) ইউনিয়ন পরিষদ/ পৌরসভা / সিটি কর্পোরেশন কর্তৃক নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি (ঙ) অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে)।
- মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর এর অনুকূলে পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা জমার স্বপক্ষে ট্রেজারী চালানের মূলকপি (অফেরৎযোগ্য) দরখাস্তের সাথে জমা দিতে হবে।

চালান নং

১	-	৭	৪	৮	১	-	০	০	০	-	২	৩	৬	৬
---	---	---	---	---	---	---	---	---	---	---	---	---	---	---

- কেবলমাত্র প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন প্রার্থীগণকে লিখিত ও মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।
- প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন যাতায়াত ভাতা দেয়া হবে না।
- এই নিয়োগের ক্ষেত্রে অনুমোদিত নিয়োগবিধি এবং সরকারী নিয়োগ সংক্রান্ত প্রচলিত বিধিবিধান যথা-বয়স, শিক্ষাগত যোগ্যতা যথাযথভাবে অনুসরণ করা হবে।
- এই নিয়োগ সাকুল্য বেতনে চুক্তিভিত্তিক প্রকল্পের মেয়াদে প্রযোজ্য হবে। প্রকল্পের মেয়াদ শেষে পদসমূহ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে এবং নিয়োগপত্রই অব্যাহতি পত্র হিসাবে গণ্য হবে।
- নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিকল্পনা ইউনিটে পদায়ন করা হবে।
- কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকেই যে কোন সময়েই এ নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(ড. শাহেদ ইকবাল মোঃ মাহবুব-উর-রহমান)
যুগ্মসচিব
পরিচালক (পরিকল্পনা) ও
লাইন ডাইরেক্টর (পিএমই)

